মেহেরপুরে জনসম্পৃক্তি বিষয়ক কর্মীসভা অনুষ্ঠিত

মেহেরপুর সদর উপজেলার বুড়িপোতা ইউনিয়নের ৬ নং ওয়ার্ড রাজাপুর ও বারাকপুর বিএনপি’র আয়োজনে রাষ্ট্র কাঠামো মেরামতের ৩১ দফা ও জনসম্পৃক্তি বিষয়ক কর্মীসভা অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার (৬ ফেব্রুয়ারি) বিকেল ৪টার দিকে বুড়িপোতা ইউনিয়নের রাজাপুর বারাকপুরের পাঁচ রাস্তার মোড়ে এ কর্মীসভা অনুষ্ঠিত হয়।

রাজাপুর বিএনপি নেতা নজরুল ইসলামের সভাপতিত্বে কর্মীসভায় প্রধান অতিথি ছিলেন মেহেরপুর জেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক জাহাঙ্গীর বিশ্বাস।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা যুবদলের সাবেক সভাপতি জাহিদুর রহমান জাহিদ, জেলা ছাত্রদলের সভাপতি আকিব জাভেদ সেনজির, জেলা মহিলা দলের সভাপতি সাইয়োদতুন নেসা নয়ন, সদর উপজেলা স্বেচ্ছাসেবক দলের সভাপতি শহিদুল ইসলাম সেন্টু, পৌর বিএনপির সাবেক সহ-সভাপতি হাবিব ইকবাল।

পৌর বিএনপির সাবেক সাংগঠনিক সম্পাদক কামরুজ্জামান বাবুর সঞ্চালনায় এসময় বিএনপি নেতা রফিকুল, মনা, যুবদল নেতা শান্ত শ্রমিকদল নেতা মকবুল, বুড়িপোতা ইউনিয়ন ছাত্রদল নেতা সম্রাট, বিরাটসহ বুড়িপোতা ইউনিয়নের অন্যান্য নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

দামুড়হুদায় বিএনপির উদ্যোগে কর্মী সমাবেশ অনুষ্ঠিত

দামুড়হুদায় ওয়ার্ড বিএনপির উদ্যেগে কর্মী সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। আজ শুক্রবার রাত ৮টার দিকে দামুড়হুদা সদর ৪ নং ওয়ার্ডের উদ্যেগে কর্মী সমাবেশ অনুষ্ঠিত হয়।

ওয়ার্ড বিএনপির সভাপতি আশরাফুল আলমের সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক রফিকুল হাসান তনু।

এ সময় প্রধান অতিথি দামুড়হুদা উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক রফিকুল হাসান তনু বলেন, বিগত ১৬ বছর ধরে স্বৈরাচারী শেখ হাসিনার নেতৃত্বে যে অপকর্মগুলো করেছে তা ভাষায় প্রকাশ করা যাবে না আপনারা নিজে চোখেই দেখেছেন। পাপ বেশি হয়ে গিয়েছিল স্বৈরাচারি শেখ হাসিনার তাই ছাত্র জনতার তোপের মুখে এমপি মন্ত্রী ও নেতাকর্মীদের ফেলে ভারতে পালিয়ে যাই। এর মতো লজ্জার আর কিছু হয় না। বিএনপি দুর্নীতিকে প্রশ্রয় দেয় না দিবেনা। বিএনপি দল জনগণের পাশে ছিল জনগণের পাশে থাকবে ইনশাআল্লাহ ।

এ সময় কর্মী সভায় উপস্থিত ছিলেন উপজেলা বিএনপি’র যুগ্ম সাধারণ সম্পাদক মন্টু মিয়া, সাংগঠনিক সম্পাদক প্রফেসর আবুল হাশেম, ইউনিয়ন বিএনপি’র সভাপতি আব্দুর রহিম , ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক আনসার আলী, থানা বিএনপির নেতা রোকনুজ্জামান তোতাম ও আব্দুস সালাম,৪নং নম্বর ওয়ার্ড বিএনপির সাধারণ সম্পাদক আবুল আজাদ।

দামুড়হুদা উপজেলা যুবদলের যুগ্ম আহ্বায়ক আরিফুল ইসলাম আরিফ। ওয়ার্ড যুবদলের নেতা বাকীবিল্লাহ, সাইফুল ইসলাম মল্লিক, ফয়জুল খাঁ, আবু বক্কর সাইদুর, নয়ন জহিরুল ইসলাম , বাবু আবুজার, মন্টু, ডাবলু, শাহ আলম, আব্দুর রাজ্জাক রফিকুল ইসলাম,খোকন।
অনুষ্ঠানটি পরিচালনা করেন যুবদল নেতা ওমর ফারুক।

দর্শনায় বর্ণিল পিঠা উৎসব অনুষ্ঠিত

দর্শনা সরকারি কলেজে তারুণ্যের উৎসব উপলক্ষে বর্ণিল আয়োজনে পিঠা উৎসব পালিত হয়েছে। সোমবার (২৭ ফেব্রুয়ারি) সকাল ৯টায় পিঠা উৎসবের উদ্বোধন করেন কলেজের অধ্যক্ষ প্রফেসর মোঃ শফিকুল ইসলাম।

ছাত্র-ছাত্রীদের উদ্যোগে আয়োজিত এ উৎসবে ১৭টি স্টলে শোভা পেয়েছে বিভিন্ন ধরনের ঐতিহ্যবাহী পিঠা। এর মধ্যে উল্লেখযোগ্য ছিল পকান পিঠা, জড়া পিঠা, কুলি পিঠা, রস পিঠা, দুধ পাকন, পটি সাপটা, প্রজাপতি পিঠা, ঝিনুক পিঠা, গোলাপ পিঠা, গাজরের হালুয়া, ক্ষীর সন্দেশ, কলা পিঠা এবং পায়েশ।

প্রতিটি স্টলের নামেও ছিল সৃজনশীলতা, যেমন রোভার পিঠাপুলি, রসুই ঘর, পিঠা মেলার ঝুড়ি, পেটুক বাড়ীর পিঠা, পার্বণী পসার, ছয় সাথীর পিঠা ঘর, পিঠার ডালায় বন্ধুত্ব, পিঠা পুলির পার্বণ, পিঠা সংসদ, পিঠার টানে বাঙালীর ঘরে, হৃদয় হরণ পিঠা ঘর, শীত ও তারুণ্যের পিঠা পার্বণ, পৌষ পার্বণের পিঠা বিলাস, মনোপুলি, ঢেঁকির বৈঠক খানা এবং জে এ এস পিঠা ঘর। অতিথিরা স্টলগুলো ঘুরে ঘুরে দেখেন এবং প্রশংসা করেন।

উৎসবের উদ্বোধনের পর আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন ক্রীড়া প্রতিযোগিতা ও পিঠা উৎসবের আহ্বায়ক আশরাফুল ইসলাম। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অধ্যক্ষ প্রফেসর মোঃ শফিকুল ইসলাম। তিনি বলেন, “গ্রামবাংলার শীত মৌসুমে কৃষাণীর ঘরে তৈরি পিঠা আমাদের ঐতিহ্যের প্রতীক। চুয়াডাঙ্গা জেলার কৃষকরা শীতের শুরুতেই খেজুর রস ও গুড় উৎপাদন করেন। এ মৌসুমে ধানের ঘ্রাণে কৃষকের ঘর ভরে যায় এবং পিঠা তৈরিতে ব্যস্ত হয়ে ওঠেন সবাই। নতুন প্রজন্মের কাছে এই ঐতিহ্য পৌঁছে দিতে এ ধরনের আয়োজন অত্যন্ত গুরুত্বপূর্ণ।”

আলোচনা সভায় বিশেষ অতিথি ছিলেন ব্যবস্থাপনা বিভাগের প্রভাষক সাইফুল ইসলাম, ইসলামের ইতিহাসের প্রভাষক মতিউর রহমান, বাংলা বিভাগের মুকুল হোসেন, রাষ্ট্রবিজ্ঞান বিভাগের কায়ইম জাহান, দর্শনা সরকারি কলেজের সাবেক জিএস ও দর্শনা পৌর বিএনপি সমন্বয়ক এনামুল হক শাহ মুকুল, দর্শনা থানার অফিসার ইনচার্জ শহীদ তিতুমীর, দর্শনা পৌর বিএনপির সমন্বয়ক ইকবাল হোসেন, দর্শনা সিডিএল-এর পরিচালক আবু সুফিয়ান, বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সমন্বয়ক তানভীর আহম্মেদ এবং ছাত্র শিবিরের দর্শনা সরকারি কলেজের সাধারণ সম্পাদক হামজা ফরাজি।

পিঠা উৎসব শেষে প্রতিযোগীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন অধ্যক্ষ প্রফেসর মোঃ শফিকুল ইসলাম। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন ইসলামী শিক্ষা বিভাগের প্রভাষক মোঃ জাকির হোসেন।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

ক্যাম্প অনুষ্ঠিত

মেহেরপুর জামায়াতে ইসলামীর উদ্যোগে ফ্রি মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত হয়েছে। শনিবার (২৫ জানুয়ারি) সকাল ১০ টায় মেহেরপুর সদর উপজেলা শ্যামপুর ইউনিয়নে নতুন মদনাডাঙ্গা হান্নানগঞ্জ স্কুলে দিন ব্যাপী এই ফ্রি মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা জামায়াতে ইসলামীর আমির মাওলানা তাজ উদ্দিন খান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর থানা আমির সোহেল রানা ও শ্যামপুর ইউনিয়ন আমির মফিদুল ইসলাম।

এছাড়াও শ্যামপুর ইউনিয়ন রাজনীতিক সেক্রেটারি মো: আজমাইন হোসেন, রেজাউল করিম প্রমুখ উপস্থিত ছিলেন।

গাংনীতে যুব কাবাডি খেলা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠিত

গাংনী উপজেলা প্রশাসনের উদ্যোগ তারুণ্য উৎসব ২০২৫ উপলক্ষে যুব কাবাডি (অনুর্ধো-১৭ বালক ও বালিকা) খেলা ও পুরস্কার প্রদান করা হয়েছে।

আজ বৃহস্পতিবার বিকালে গাংনী উপজেলার জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয় মাঠে এই খেলা অনুষ্ঠিত হয়।
খেলায় বালক পর্যায়ে জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয় ও মানিকদিয়া এগারপাড়া দাখিল মাদ্রাসার মধ্যে অনুষ্ঠিত খেলায় ৩২ পয়েন্ট অর্জন করে জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয় দল উপজেলা পর্যায়ে শ্রেষ্ট ও জেলা পর্যায়ে খেলার যোগ্যতা অর্জন করে। খেলায় মানিকদিয়া এগারপাড়া দাখিল মাদ্রাসা দল অর্জন করে ১০ পয়েন্ট।

এছাড়া বালিকা কাবাডি দলের জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয় বালিক দল ৩১ পয়েন্ট অর্জন করে উপজেলা পর্যায়ে শ্রেষ্ঠ ও মেহেরপুর জেলা

মুজিবনগরে ভূমি সেবা বিষয়ক সেমিনার ও কুইজ প্রতিযোগিতা অনুষ্ঠিত

মুজিবনগরে তারুণ্যের উৎসব ২০২৫ উদযাপন উপলক্ষ্যে”এসো দেশ বদলাই,পৃথিবী বদলাই”এই স্লোগানে আজ বৃহস্পতিবার দুপুরে তরুণ প্রজন্মকে ভূমি সেবার ধারণা প্রদানের জন্য উপজেলা ভূমি অফিসের আয়োজনে,উপজেল পরিষদ মিলনায়তনে ভূমি সেবা বিষয়ক সেমিনার ও কুইজ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে।

মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার পলাশ মন্ডল প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে সেমিনার ও পুলিশ প্রতিযোগিতার উদ্বোধন করেন। এ সময় বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, মুজিবনগর থানা অফিসার ইনচার্জ মিজানুর রহমান,উপজেলা নির্বাহী প্রকৌশলী খালিদ হাসান, মুজিবনগর প্রেসক্লাবের সাধারণ সম্পাদক হাসান মোস্তাফিজুর রহমান।

সেমিনার ও কুইজ প্রতিযোগিতায় উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রী ও তরুণেরা অংশগ্রহণ করেন।
সেমিনারে তরুণপ্রজন্ম ও ছাত্রছাত্রীদের মাঝে ভূমিসেবা বিষয়ে বিভিন্ন দিক তুলে ধরা হয় এবং ভূমি সেবার উপর কুইজ অনুষ্ঠিত হয়। কুইজে বিজয়ীদেরকে পুরস্কৃত করা হয়।

এসময় উপস্থিত ছিলেন উপজেলা ভূমি অফিসের অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক রোজিনা খাতুন ও তাজুল ইসলাম, কম্পিউটার অপারেটর রবিউল ইসলাম এবং শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকবৃন্দ।

মুজিবনগরে ভলিবল, কাবাডি এবং ব্যাডমিন্টন টুর্নামেন্ট

“এসো দেশ বদলায় পৃথিবী বদলায়” নতুন বাংলাদেশ গড়ার লক্ষ্যে তারুণ্যের উৎসব ২০২৫ -উদযাপনে মুজিবনগর উপজেলা প্রশাসনের আয়োজনে, ভলিবল,কাবাডি এবং ব্যাডমিন্টন টুর্নামেন্ট অনুষ্ঠিত হয়েছে।

টুর্নামেন্ট উপলক্ষে আজ বৃহস্পতিবার সকাল থেকে উপজেলা পরিষদ খেলার মাঠে ভিড় করে উপজেলার চারটি ইউনিয়নের ভলি, কাবাডি এবং ব্যাডমিন্টন দল এবং বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র ছাত্রী শিক্ষক এবং উৎদামি তরুণ ও সাধারণ মানুষ।

টুর্নামেন্টের উদ্বোধন করেন উপজেলা নির্বাহী অফিসার পলাশ মন্ডল। এ সময় উপস্থিত ছিলেন মুজিবনগর ইনচার্জ মিজানুর রহমান মুজিবনগর প্রেসক্লাবের সাধারণ সম্পাদক হাসান মোস্তাফিজুর রহমান, গোপালনগর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক জহুরুল ইসলাম, ছাত্র প্রতিনিধি তুষার সহ উপজেলা পরিষদের বিভিন্ন দপ্তরের কর্মকর্তা বৃন্দ ।

দিন ব্যাপী আয়োজনে টুর্নামেন্টে উপজেলার বাগোয়ান, মোনাখালি, দারিয়াপুর ও মহাজনপুর ইউনিয়নের ইউনিয়ন দল অংশগ্রহণ করেন। কাবাডিতে বাগোয়ান ইউনিয়ন কাবাডি দল চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে এবং রানার আপ দারিয়াপুর ইউনিয়ন দল । দ্বৈত ব্যাডমিন্টন টুর্নামেন্টে দারিয়াপুর ইউনিয়ন চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে রানারআপ বাগোয়ান ইউনিয়ন দল এবং ভলিবল টুর্নামেন্টে মোনাখালি ইউনিয়ন দল চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে এবং রানারআপ হয় দারিয়াপুর ইউনিয়ন দল।

টুর্নামেন্ট শেষে বিকেলে পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়। পুরস্কার বিতরণী অনুষ্ঠানে মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার পলাশ মন্ডল প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে টুর্নামেন্টের বিজয়দের মাঝে পুরস্কার বিতরণ করেন।এ সময় উপস্থিত ছিলেন, মুজিবনগর প্রেসক্লাবের সাধারণ সম্পাদক আহসান মোস্তাফিজুর রহমান এবং ছাত্র প্রতিনিধি তুষার।

মুজিবনগরে আন্ত: ইউনিয়ন ফুটবল টূর্নামেন্ট অনুষ্ঠিত

মেহেরপুরের মুজিবনগরে তারুণ্যের উৎসব ২০২৫, উৎযাপনে নতুন বাংলাদেশ গড়ার লক্ষ্যে অনুর্ধ ১৭ আন্ত: ইউনিয়ন ফুটবল টূর্নামেন্ট অনুষ্ঠিত হয়েছে। খেলায় মোনাখালী ইউনিয়ন একাদশ উপজেলা চাম্পিয়ন গৌরব অর্জন করে। মুজিবনগর উপজেলা প্রশাসনের আয়োজনে, গৌরিনগর খেলার মাঠে এ খেলা অনুষ্ঠিত হয়।

গতকাল সোমবার বিকালে হাড্ডাহাড্ডি ফাইনাল খেলার মধ্যে দিয়ে বাগোয়ান ইউনিয়ন একাদশকে ১-০ গোলে পরাজিত করে মোনাখালী ইউনিয়ন একাদশ বিজয়ী হওয়ার গৌরব অর্জন করেন। গতকাল সোমবার দিনব্যাপী খেলায় উপজেলার ৪ টি ইউনিয়নের খেলোয়ার অংশগ্রহন করেন। প্রথম রাউন্ডে একদিকে মোনাখালী ইউনিয়ন একাদশ ও মহাজনপুর ইউনিয়ন একাদশ অংশগ্রহন করেন।

৪০ মিনিটের খেলায় গোল শূন্য ড্র হওয়ায় ট্রাইবেকার অনুষ্ঠিত হয়। উক্ত ট্রাইবেকারে মহাজনপুর ইউনিয়ন একাদশকে ৩-১ গোলে পরাজিত করে মোনাখালী ইউনিয়ন একাদশ ফাইনালে উন্নতি হয়। অন্যদিকে দারিয়াপুর ইউনিয়ন একাদশকে ৪-১ গোলে পরাজিত করে বাগোয়ান ইউনিয়ন একাদশ ফাইনাল খেলার গৌরব অর্জন করে।

দুপুরের বিরতির পর বিকালে বাগোয়ান ইউনিয়ন একাদশ ও মোনাখালী ইউনিয়ন একাদশ এর ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়। খেলাটি মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার পলাশ মন্ডল,মুজিবনগর থানার অফিসার ইনচার্জ মিজানুর রহমান,উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা রকিব উদ্দীন,মুজিবনগর প্রেসক্লাবের সাধারন সম্পাদক হাসান মুস্তাফিজুর রহমানসহ উৎসুক জনতা খেলাটি উপভোগ করেন।

খেলাটি পরিচালনা করেন বাংলাদেশ ফুটবল ফেডারেশনের নির্বাচনকৃত ২য় শ্রেনীর রেফারী সোহেল রানা। খেলা শেষে বিজয়ী ও বিজিত দলের হাতে পুরষ্কার তুলে দেয়া হয়।

গাংনীতে তারুণ্যের উৎসব ভলিবল টুর্নামেন্টের ফাইনাল অনুষ্ঠিত

পুরো টূর্ণামেন্ট জুড়েই ছিল দর্শকদের উচ্ছাস আর টান টান উত্তেজনা। দর্শকদের মূর্হমূর্হ করতালিতে দর্শক গ্যালারী ছিল উচ্ছাসিত। শ্বাসরুদ্ধকর প্রীতি ম্যাচে ৩-২ সেটে গাংনী পৌর ভলিবল দলকে পরাজিত করে বিজয় লাভ করেছে তেঁতুলবাড়িয়া ইউনিয়ন ভলিবল দল।

তারুণ্যের উৎসব-২০২৫ উদযাপন উপলক্ষ্যে তারুণ্যের ভাবনায় নতুন বাংলাদেশ গড়ার লক্ষ্যে “এসো দেশ বদলাই পৃথিবী বদলাই ’ এই প্রতিপাদ্য নিয়ে গাংনী উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা পরিষদ ক্যাম্পাসে আজ শুক্রবার বিকেল ৩ টার সময় টুর্নামেন্টের ৪র্থ দিনের ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়েছে। গাংনী উপজেলা প্রশাসনের আয়োজনে অনুষ্ঠিত ভলিবল টুর্নামেন্টের ফাইনাল খেলায় গাংনী পৌর ভলিবল দলকে ৩-২ সেটে পরাজিত করে তেঁতুলবাড়ীয়া ইউনিয়ন ভলিবল দল উপজেলা পর্যায়ে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে। খেলায় ম্যান অব দ্যা ম্যাচ নির্বাচিত হন তেঁতুলবাড়িয়া ইউনিয়ন দল (বিজয়ী দলে) র শুভ। গাংনী উপজেলা নির্বাহী অফিসার প্রীতম সাহা প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে খেলাটি উপভোগ করেন এবং চ্যাম্পিয়ন ও রানার্স আপ দলের হাতে পুরস্কার তুলে দেন।

এসময় উপস্থিত ছিলেন উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা মনসুর রহমান, উপজেলা প্রকৌশলী ফয়সাল আহমেদ, উপজেলা বিআরডিবি কর্র্মকর্তা মুস্তাফিজুর রহমান, গাংনী উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের একাডেমিক সুপারভাইজার আব্দুল্লাহ আল মাসুম, কাজীপুর ইউপি চেয়ারম্যার মুহঃ আলম হুসাইন, বাঁশবাড়ীয়া টেকনিক্যাল এন্ড বিএম কলেজের অধ্যক্ষ আবুল কালাম আজাদ স্বপন, ছাত্র সমন্বয়ক মুজাহিদুল ইসলাম প্রমুখ।

খেলায় রেফারির দায়িত্ব পালন করেন করমদি ডিগ্রি কলেজের শিক্ষক এ এস এম সায়েম পল্টু ও গাংনী উপজেলা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক আতর আলী। ধারাভাষ্যে ছিলেন ক্রিড়া সংগঠক সুলেরী আলভী। ৫ টি দল